

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ৩০, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৭ বৈশাখ ১৪২৬/৩০ এপ্রিল ২০১৯

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৯.১২৬—গত ২১ এপ্রিল ২০১৯ তারিখে শ্রীলংকায় সংঘটিত সন্ন্যাসী সিরিজ বোমা হামলায় একাদশ জাতীয় সংসদের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি এবং বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য শেখ ফজলুল করিম সেলিম এম.পি'র আট বছর বয়সী দৌহিত্র জায়ান চৌধুরী কলম্বোর শাংরি-লা হোটেলের রেস্টোরাঁয় নাস্তা গ্রহণকালে নিহত হন এবং জায়ানের পিতা জনাব মশিউল হক চৌধুরী মারাত্মকভাবে আহত হন।

২। জায়ানের অকালমৃত্যুতে গভীর শোক প্রকাশ ও তাঁর রুহের মাগফেরাত কামনা করে, তাঁর শোকসন্তপ্ত পরিবারের সকল সদস্যের প্রতি গভীর সমবেদনা জানিয়ে এবং পরম করুণাময় আল্লাহতায়লা যেন তাঁদেরকে শোক বহন করার ক্ষমতা প্রদান করেন সে প্রার্থনা ও জায়ানের পিতার দ্রুত আরোগ্য কামনা করে মন্ত্রিসভার ১৬ বৈশাখ ১৪২৬/২৯ এপ্রিল ২০১৯ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ড. মোঃ শামসুল আরেফিন  
সিনিয়র সচিব, সমন্বয় ও সংস্কার

( ১৫১৩৩ )  
মূল্য : টাকা ৪.০০

**মন্ত্রিসভার শোকপ্রস্তাব**

ঢাকা:  $\frac{১৬ \text{ বৈশাখ } ১৪২৬}{২৯ \text{ এপ্রিল } ২০১৯}$

গত ২১ এপ্রিল ২০১৯ তারিখে স্থানীয় সময় আনুমানিক সকাল ৮.৪৫ মিনিটে শ্রীলংকায় সংঘটিত সন্ত্রাসী সিরিজ বোমা হামলায় একাদশ জাতীয় সংসদের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি এবং বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য শেখ ফজলুল করিম সেলিম এম.পি'র আট বছর বয়সী দৌহিত্র জায়ান চৌধুরী কলম্বোর শাংরি-লা হোটেলের রেস্টোরাঁয় নাস্তা গ্রহণকালে নিহত হন এবং জায়ানের পিতা জনাব মশিউল হক চৌধুরী মারাত্মকভাবে আহত হন।

মন্ত্রিসভা শ্রীলংকায় সংঘটিত সন্ত্রাসী বোমা হামলায় নিহত জায়ানের অকালমৃত্যুতে গভীর শোক প্রকাশ করে তাঁর রুহের মাগফেরাত কামনা করছে। মন্ত্রিসভা জায়ানের শোকসন্তপ্ত পরিবারের সকল সদস্যের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে ও পরম করুণাময় আল্লাহতায়ালার যেন তাঁদেরকে শোক বহন করার ক্ষমতা প্রদান করেন সে প্রার্থনা করছে। একইসঙ্গে মন্ত্রিসভা জায়ানের পিতার দ্রুত আরোগ্য লাভের প্রার্থনা করছে।